

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
১/ক, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
সেগুনবাগিচা, ঢাকা
www.imli.gov.bd

স্মারক নং-আমাই/গেস্টবুম/২৬/২০১৬/৭৬

তারিখ: ১৮ মাঘ ১৪২৩
৩১ জানুয়ারি ২০১৭


বিষয়: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের 'গেস্টহাউজ'-এর কক্ষ বরাদ্দ প্রদান।

সূত্র: মাউশি/অটি.একা.স্ব.প্র/মাস্টার ট্রেনার/৩৫/২০১৬/২২৩, তাং-১৯/০১/২০১৭খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অটিজম বিষয়ক বিশেষ বিদ্যালয় পরিদর্শনের জন্য আগত Apasen International ও Phoenix Autism Trust এর ৪ জন (৩ জন নারী ও ১ জন পুরুষ) অটিজম বিশেষজ্ঞের জন্য National Academy for Autism and Neurodevelopmental Disabilities (NAAND) বরাবর আগামী ০৭/০২/২০১৭ থেকে ১০/০২/২০১৭ পর্যন্ত আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের গেস্টহাউজের ০৪ (চার) টি কক্ষ নিম্নোক্ত শর্তে বরাদ্দ দেওয়া হলো:

শর্তসমূহ

১. রাত্রি ১১:০০টার মধ্যে গেস্টহাউজে ফিরতে হবে;
২. গেস্টহাউজে অবস্থানকালে কোনো অসামাজিক কাজে জড়িত হওয়া যাবে না;
৩. গেস্টহাউজে অবস্থানকালে রাষ্ট্র ও সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়, কোনো ধর্মবিশ্বাস বা কোনো বিশেষ জনগোষ্ঠীর অনুভূতিতে আঘাত লাগে, এরূপ কর্মকাণ্ড থেকে বিরত থাকতে হবে;
৪. কক্ষের অভ্যন্তরে মদ্যপান, জুয়া প্রভৃতি খেলা যাবে না;
৫. কক্ষের অভ্যন্তরে সকল মালামাল নিজ দায়িত্বে রাখতে হবে;
৬. বোর্ডার ব্যতীত কোনো ব্যক্তির গেস্টহাউজে অবস্থান গ্রহণযোগ্য নয়;
৭. গেস্টহাউজের কোনো স্থাবর/অস্থাবর সম্পত্তির ক্ষতিসাধন করা যাবে না;
৮. অতিথি গেস্টহাউজ ত্যাগ করতে ইচ্ছা পোষণ করলে সকাল ১১:০০টার মধ্যে গেস্টহাউস ত্যাগ করতে হবে। দুপুর ১২:০০টার পর হতে পরবর্তী পূর্ণদিবস গণনা শুরু হবে;
৯. ইনস্টিটিউটে খাবার সরবরাহের কোনো ব্যবস্থা নেই। অতিথিদের নিজ দায়িত্বে খাবারের ব্যবস্থা করতে হবে;
১০. বিদেশি নাগরিক প্রতি পূর্ণদিবস ভাড়া (ড্যাটসহ) ২,০০০/- (দুই হাজার) টাকা। সেই হিসেবে ০৭/০২/২০১৭ থেকে ১০/০২/২০১৭ পর্যন্ত মোট ভাড়া (২০০০ × ৪ জন × ৪ দিন) = ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা মাত্র;
১১. নিয়ন্ত্রণ বহির্ভূত যান্ত্রিক ত্রুটি/সমস্যা দেখা দিলে সেজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না এবং সেক্ষেত্রে ভাড়া ফেরত দেওয়া হবে না;
১২. একাদিক্রমে ০৫ (পাঁচ) পূর্ণ দিবসের অধিক অবস্থান করা যাবে না। একাদিক্রমে ০৫ (পাঁচ) পূর্ণ দিবসের অধিক অবস্থান করলে সেক্ষেত্রে দ্বিগুণ হারে ভাড়া প্রদান করতে হবে।


(ড. জীনাত ইমতিয়াজ আর্গা)
মহাপরিচালক

ফোন: ৮৩৯১৩৪৬

ই-মেইল: imli.moebd@gmail.com

31 JAN 2017

অধ্যাপক সালমা বেগম
প্রকল্প পরিচালক

Academy for Autism and Neurodevelopmental Disabilities (NAAND)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা